গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রয়েল সিমেন্ট

শুক্রবার | ৬ জানুয়ারি ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১২২ সংখ্যা | ২২ পৌষ ১৪২৯ সাল | ১২ জমাদিউস সানি ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগে বরণ ও বিদায় অনুষ্ঠান

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা ইংরেজি। বর্তমানে দুইশত কোটি মানুষ এই ভাষা বোঝে ও এই ভাষায় কথা বলতে পারে। তার ফলেই এই ভাষা বর্তমান বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা। এই ভাষায় রয়েছে সাহিত্য-সংস্কৃতি, দর্শন ও বিজ্ঞানের তথ্য ও তত্ত্ব সমৃদ্ধ মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ। তিনি ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ কবি ও নাট্যকার শেক্সপিয়ারসহ আরও অনেক কবি-লেখকের রচনা পাঠ করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪১তম ব্যাচের বরণ ও ৩৫তম ব্যাচের বিদায় উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা হয়। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে এতে সম্মানিত অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হাসিনা মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। এছাড়া স্বাগত বক্তা ছিলেন ৩৫তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক আবদুর রহিম।

বক্তব্যে হাসিনা মহিউদ্দিন বলেন, যারা আজ বিদায় নিচ্ছে, তাদের বলতে চাই, এটা আসলে বিদায় নয়। এটা জীবনের বৃহৎ ক্ষেত্রে ও কর্মক্ষেত্রে প্রবেশের উদ্বোধন। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ইংরেজি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভাষা। গুগলে সাহিত্য-সংস্কৃতি, ইতিহাস, বিজ্ঞান, দর্শন ও গবেষণার ৫০ শতাংশ বিষয়বস্তু ইংরেজি ভাষায়। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা হয়, যাতে তারা পেশাগত জীবনে ও উদ্যোক্তা হিসেবে সফল হতে পারে। প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 06 January 2023, Page: 2, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-01-6

চট্টগ্রাম শুক্রবার ৬ জানুয়ারি ২০২৩

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ৩১৫তম সংখ্যা।। ২২ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ।। ১২ জমাদিউস সানি ১৪৪৪ হিজরি।। Friday 6 January 2023।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

কনফিডেন্স সিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

NCC Islamic
NCC Bank



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠান

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪১তম ব্যাচের বরণ ও ৩৫ তম ব্যাচের বিদায় উপলক্ষে গত ৫ জানুয়ারি অনুষ্ঠান আয়োজন করা হয়। গতকাল বৃহস্পতিবার আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হাসিনা মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। এছাড়া স্বাগত বক্তা ছিলেন ৩৫তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক আবদুর রহিম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের বলেন, বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা ইংরেজি। বর্তমানে দুইশত কোটি মানুষ এই ভাষা বোঝে ও এই ভাষায় কথা বলতে পারে। তার ফলেই এই ভাষা বর্তমান বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা। এই ভাষায় রয়েছে সাহিত্য-সংস্কৃতি, দর্শন ও বিজ্ঞানের তথ্য ও তত্ত্বসমৃদ্ধ মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ। প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথিদের বক্তব্যের এক পর্যায়ে ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 06 January 2023, Page: 3, Col: 7
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-01-6

শুক্রবার
চট্টগ্রাম
৬ জানুয়ারি ২০২৩
২২ পৌষ ১৪২৯
১২ জমাদিউস সানি ১৪৪৪
বর্ষ-১১, সংখ্যা-২৫

১১ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333
info@phictg.com /parkviewhospitalctg parkview.com.bd

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠা | ৭ টাকা



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে বক্তব্য দেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

# ইংরেজি ভাষায় রয়েছে মননশীল অসংখ্য গ্রন্থ — অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪১তম ব্যাচের বরণ ও ৩৫তম ব্যাচের বিদায় উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা হয়। ৫ জানুয়ারি সকাল ১১টায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। এছাড়া স্বাগত বক্তা ছিলেন ৩৫তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক আবদুর রহিম।

ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা ইংরেজি। বর্তমানে দুইশত কোটি মানুষ এই ভাষা বোঝে ও এই ভাষায় কথা বলতে পারে। তার ফলেই এই ভাষা বর্তমান বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা। এই ভাষায় রয়েছে সাহিত্য-সংস্কৃতি, দর্শন ও বিজ্ঞানের তথ্য ও তত্ত্বসমৃদ্ধ মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ।

তিনি ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ কবি ও নাট্যকার শেক্সপিয়ারসহ আরও অনেক কবি-লেখকের রচনা পাঠ করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন বলেন, যারা আজ বিদায় নিচ্ছে, তাদের বলতে চাই, এটা আসলে বিদায় নয়। এটা জীবনের বৃহৎ ক্ষেত্রে ও কর্মক্ষেত্রে প্রবেশের উদ্বোধন।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ইংরেজি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভাষা। গুগলে সাহিত্য-সংস্কৃতি, ইতিহাস, বিজ্ঞান, দর্শন ও গবেষণার ৫০ শতাংশ বিষয়বস্তু ইংরেজি ভাষায়।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা হয়, যাতে তারা পেশাগত জীবনে ও উদ্যোক্তা হিসেবে সফল ● পৃষ্ঠা ৫, কলাম ৬.

## ইংরেজি ভাষায় রয়েছে মননশীল অসংখ্য

● শেষ পৃষ্ঠার পর

হতে পারে।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি জ্ঞান অর্জনের একটি নিরাপদ ক্ষেত্র। এখানে শিক্ষার্থীরা জ্ঞান অর্জনের জন্য বিভিন্ন চ্যালেঞ্জ ও প্রক্রিয়ার ভেতর দিয়ে এগিয়ে চলে।

রেজিস্ট্রার খুরশিদুর রহমান বলেন, বিদায়ী শিক্ষার্থীরা প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অধ্যয়নকালীন ছাত্র হিসেবে যুক্ত ছিল। এখন থেকে তারা প্রাক্তন ছাত্র পরিচয়ে এই ইউনিভার্সিটির সঙ্গে যুক্ত থাকবে।

সভাপতির বক্তব্যে ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ইংরেজি ভাষাকে গ্লোবাল ল্যাঙ্গুয়েজ হিসেবে উল্লেখ করেন। প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথিদের বক্তব্যের এক পর্যায়ে ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 06 January 2023, Page: 8, Col: 7
https://epurbodesh.com/edition/399/০৬-জানুয়ারি-২০২৩/page/8

চট্টগ্রাম • শনিবার • ৭ জানুয়ারি ২০২৩ • ২৩ পৌষ ১৪২৯ • ১৩ জমাদিউস সানি ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ১৪১

রূপান্তর নবযাত্রা ৩৩

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ সরকারের বর্ষপূর্তি : সাফল্যের অগ্রযাত্রায় আরও একটি বছর

৫ ফটিকছড়িকে সুন্দরভাবে গড়ার চেষ্টা করছি

৬ 'সাকিব চাইলে বিপিএলের সিইও হতে পারেন'



**চরিত্রের প্রয়োজনে মাদক নিয়েছিলেন বাঁধন**

ওপার বাংলার ওটিটি মাধ্যমে আগেই নাম লিখিয়েছেন অভিনেত্রী আজমেরী হক বাঁধন। কুড়িয়েছেন প্রশংসা। এবার দেশের ওটিটিতে জৌলুস ছড়াচ্ছেন তিনি।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ-বিদায় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বরণ-বিদায়

# 'ইংরেজিতে রয়েছে মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ'

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪১তম ব্যাচের বরণ ও ৩৫তম ব্যাচের বিদায় উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। ৫ জানুয়ারি সকাল ১১টায় আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন।

বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। এছাড়া স্বাগত বক্তা ছিলেন ৩৫তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক আবদুর রহিম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের গভীর ভালোবাসা ব্যক্ত করেন। তিনি বলেন, বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা ইংরেজি। বর্তমানে দুইশত কোটি মানুষ এই ভাষা বোঝে ও এই ভাষায় কথা বলতে পারে। তার ফলেই এই ভাষা বর্তমান বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা। এই ভাষায় রয়েছে সাহিত্য-সংস্কৃতি, দর্শন ও বিজ্ঞানের তথ্য ও তত্ত্বসমৃদ্ধ মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ। তিনি ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ কবি ও নাট্যকার শেক্সপিয়ারসহ আরও অনেক কবি-লেখকের রচনা পাঠ করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

ড. সেন আরও বলেন, ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি ১৭৫৭ সালে নবাব সিরাজউদদৌলাকে পরাজিত করে বাংলাকে দখল করে নেয়। এই কোম্পানি এদেশ দখল করার মাত্র তিন বছরের মধ্যে এদেশ থেকে তৎকালীন ৫০০ কোটি পাউন্ডের সম্পদ ইংল্যান্ডে পাচার করে। তা সত্ত্বেও আমরা ইংরেজদের থেকে, ইংরেজি ভাষা থেকে কেবল লুণ্ঠন ছাড়া আর কিছুই পাইনি, তা বলা ঠিক হবে না। তারা আমাদের জ্ঞানের আলোয় আলোকিত করেছে। ইউরোপীয় জ্ঞানকে আমাদের সামনে তুলে ধরেছে। উনবিংশ শতাব্দীর দ্বিতীয় ভাগে বাঙালির যে-প্রথম নবজাগরণ ঘটেছিল এবং বিংশ শতাব্দীর পঞ্চম দশকে বাংলাদেশের বাঙালিরা যে-দ্বিতীয় নবজাগরণের সৃষ্টি করে, যার ফলে আমাদের বর্তমান বাংলাদেশ, সেখানে ইংরেজি ভাষার সৃষ্টিসম্ভার আমাদের শুধু অনুপ্রাণিতই করেনি, জাতীয়তাবোধেও উদ্বুদ্ধ করার ক্ষেত্রে ভূমিকা রেখেছে। এতে উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন, উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ইংরেজি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভাষা। গুগলে সাহিত্য-সংস্কৃতি, ইতিহাস, বিজ্ঞান, দর্শন ও গবেষণার ৫০ শতাংশ বিষয়বস্তু ইংরেজি ভাষায়।

বক্তব্য রাখেন ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি জ্ঞান অর্জনের একটি নিরাপদ ক্ষেত্র। এখানে শিক্ষার্থীরা জ্ঞান অর্জনের জন্য বিভিন্ন চ্যালেঞ্জ ও প্রক্রিয়ার ভেতর দিয়ে এগিয়ে চলে। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 07 January 2023, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-01-7